যায়যায়দিন

তারিখ ... AUG 23 2006 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

কওমি মাদ্রাসার সনদ এমএ'র সমমান

# প্রধানমন্ত্রীর ঘোষণার পক্ষে বিপক্ষে বিবৃতি

যাযাদি রিপোর্ট

প্রধানমন্ত্রীর কওমি মদ্রাসা শিক্ষার সর্বোচ্চ স্তর দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার অফ আর্টসের (এমএ) সমমান দেয়ার ঘোষণার পক্ষে ও বিপক্ষে বিবৃতি দিয়েছে বিভিন্ন সংগঠন। গত সোমবার প্রধানমন্ত্রী খালেদা জিয়া এক আলেম সম্মেলনে এ ঘোষণা দেন। বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষক পরিষদ (বাকশিপ) সভাপতি মাওলানা আবু সুফিয়ান যাকি, মহাসচিব মাওলানা বজলুর রহমান স্বাক্ষরিত এক বিবৃতিতে প্রধানমন্ত্রীর এ ঘোষণাকে স্বাগত জানানো হয়।

জামায়াতে ইসলামীর এক প্রেস বিজ্ঞপ্তিতে এ স্বীকৃতিকে দেশের ইতিহাসে যুগান্তকারী ঘটনা হিসেবে উল্লেখ করা হয়। বাংলাদেশ খেলাফত মজলিস সরকারের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। গতকাল শায়খুল হাদিস আল্লামা আজিজুল হক বলেন, বিষয়টি চূড়ান্ত পর্যায়ে পৌঁছাতে এখনো ঝুঁকি রয়েছে। এদিকে তানযীমুল মাদারিসিদ দ্বীনিয়া আল-কাওমিয়া বাংলাদেশের (উত্তরবঙ্গ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ড) এক বিবৃতিতে প্রধানমন্ত্রীর এ ঘোষণাকে যুগান্তকারী আখ্যায়িত করা হয়।

এছাড়া বগুড়া, সিলেট, রাজশাহী, রংপুর, দিনাজপুর, সিরাজগঞ্জ ও পাবনার ১০০ ওলামায়ে কেরাম এক যুক্ত বিবৃতিতে এ ঘোষণায় প্রধানমন্ত্রী ও তার সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের আমির মাওলানা সৈয়দ মোহাম্মদ ফজলুল করীম অবিলম্বে এ ঘোষণা বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদের সভাপতি দেলাওয়ার হোসাইন সাঈদী এমপি এক বিবৃতিতে বলেছেন, প্রধানমন্ত্রীর এ ঘোষণার মাধ্যমে বর্তমান সরকার শিক্ষাক্ষেত্রে তার অর্জনকে আরো সাফল্যমণ্ডিত করেছে।

**বিপক্ষে বিবৃতি :** খালেদা জিয়ার কওমি মাদ্রাসার স্বীকৃতির ঘোষণা রাজনৈতিক ও দেশের আলেম-ওলামাকে খুশি করে আগামী নির্বাচনে জয়ী হওয়ার হীন উদ্দেশ্য ছাড়া কিছুই নয় বলে মন্তব্য করেছে ১১ দল। গতকাল ওয়ার্কার্স পার্টির কার্যালয়ে অনুষ্ঠিত ১১ দলের পরিচালনা পরিষদের সভায় বক্তারা এ কথা বলেন। বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এতে সভাপতিত্ব করেন। বক্তারা আরো বলেন, কওমি মাদ্রাসা শিক্ষাকে এভাবে স্বীকৃতিদান সংবিধান, শিক্ষানীতি এবং বিশ্বমানের শিক্ষার পরিবেশবিরোধী। কওমি মাদ্রাসার ওপর সরকারের কোনো নিয়ন্ত্রণ নেই। এই অনিয়ন্ত্রিত শিক্ষাক্রম ইতিমধ্যে এই সব মাদ্রাসাকে জঙ্গি সৃষ্টির কারখানায় পরিণত করেছে।

বাংলাদেশ ছাত্রমৈত্রী

বাংলাদেশ ছাত্রমৈত্রীর সভাপতি ও সাধারণ সম্পাদক এক বিবৃতিতে ক্ষমতার শেষ মুহূর্তে এসে কওমি মাদ্রাসাকে সরকারি স্বীকৃতিদানের ঘোষণাকে সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদ তোষণের নির্লজ্জ বহিঃপ্রকাশ বলে অভিহিত করেছেন। তারা বলেন, কওমি মাদ্রাসা থেকে জঙ্গিবাদের মূলোৎপাটন না করে সরকারের এ স্বীকৃতি দেশের ভেতর বিরাজমান জঙ্গিবাদী শক্তির ভিত আরো পাকাপোক্ত করবে।

বাংলাদেশ ছাত্র ফেডারেশন

বাংলাদেশ ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় আহ্বায়ক সামিউল আলম এক বিবৃতিতে প্রধানমন্ত্রীর এ ঘোষণার তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি বলেন, আগামী নির্বাচনের আগে রাজনৈতিক ফায়দা হাসিলের উদ্দেশ্যেই এ ঘোষণা দেয়া হয়েছে।